

প্রস্তাবনা

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি), ভাঙ্গুড়া, পাবনা

এবং

সুপারিনটেনডেন্ট, পাবনা পিটিআই, পাবনা

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১:

উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি), ভাঙ্গুড়া রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প (Vision):

ভাঙ্গুড়া উপজেলার বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুর জন্য সমতাভিত্তিক একীভূত ও মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন।

১.২ অভিলক্ষ্য (Mission):

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা উন্নয়ন ও মানসম্মত প্রাথমিক শিক্ষা অর্জন নিশ্চিতকরণ।

১.৩ কর্মসম্পাদন ক্ষেত্র (Strategic Objectives):

(সংশ্লিষ্ট অফিস কর্তৃক নির্ধারিত, সর্বোচ্চ ৫ টি):

- ১) সার্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;
- ২) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
- ৩) প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন।
- ৪) সুশাসন নিশ্চিতকরণ :
- ৫) আপেক্ষিক কার্যপদ্ধতি ও কর্মপরিবেশ উন্নয়ন;

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

- ১) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত;
- ২) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
- ৩) কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
- ৪) কর্মপরিবেশ উন্নয়ন।